ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক

00 097

তারিখ 09 DEC 1988
পৃষ্ঠা 3 কলাম 1

18

## আরও তিনটি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত

গত বুধবার বঙ্গভবনে প্রেসিডেন্ট এরশাদের সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠক সংক্রান্ত খবরের অংশ বিশেষ গতকাল বৃহস্পতিবার দৈনিক ইত্তেফাকে প্রকাশিত হইয়াছে। খবরের অবশিষ্টাংশ প্রদত্ত হইল :

মন্ত্রিসভার এই বৈঠকে বন্যা উত্তর পুনর্বাসন কর্মসূচী এবং

( ১০ম পৃঃ দ্রঃ )

## আরও ৩টি বিশ্ববিদ্যালয়

( ৩য় পৃঃ পর )

সাম্প্রতিক ঘূর্ণিঝড়ের ক্ষয়ক্ষতির পর্যালোচনা করা হয় এবং দুঃস্থদের খাওয়ানো ও টেষ্টরিলিফ কর্মসূচী দুই মাস সম্প্রসারণের সিদ্ধান্ত নেওয়া হয়।

বৈঠকে আরও ৩টি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তন্মধ্যে ২টি হইবে সাধারণ বিশ্ববিদ্যালয় ও একটি চিকিৎসা বিশ্ববিদ্যালয়। সাধারণ বিশ্ববিদ্যালয় দুইটির মধ্যে একটি স্থাপিত হইবে যমুনা নদীর অপর তীরে।

মন্ত্রিসভার বৈঠকে ১৯৮৯ সাল হইতে মাধ্যমিক শিক্ষার বর্তমান পরীক্ষা পদ্ধতি পরিবর্তনেরও সিদ্ধান্ত নেওয়া হয়। পরিবর্তিত পদ্ধতিতে শতকরা ৫০ ভাগ প্রশ্ন হইবে অবজেকটিভ এবং অবশিষ্ট ৫০ ভাগ হইবে বর্ণনামূলক। শিক্ষার্থীকে দুইটিতেই পাস করিতে হইবে বলিয়া বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়।

বৈঠকে আরও সিদ্ধান্ত নেওয়া হয় যে, নারী নির্যাতন বন্ধের জন্য ইহার পূর্বে যে সব সরকারী ব্যবস্থা নেওয়া হইয়াছে, সংশ্লিষ্ট সংস্থাগুলিকে সেগুলির বাস্তবায়ন নিশ্চিত করিতে হইবে।

প্রেসিডেন্ট এরশাদ বিশেষভাবে উল্লেখ করেন যে, সরকার মহিলাদের জন্য যে সকল আইনগত সুযোগ-সুবিধা সৃষ্টি করিয়াছেন, সেগুলি তাহাদের ভোগ করা উচিত। নারী সমাজের কল্যাণের জন্য সরকারের গৃহীত বিভিন্ন ব্যবস্থা কার্যকর করার পথে যত অন্তরায় রহিয়াছে সেগুলি দূর করিতে হইবে।

প্রেসিডেন্ট মহিলাদের বিভিন্ন পারিবারিক বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে সরকারের গঠিত পারিবারিক আদালত সম্পর্কে ব্যাপকভাবে প্রচারের মাধ্যমে দেশের মহিলাদের মধ্যে সচেতনতা সৃষ্টির আহ্বান জানান।